নথি নম্বর | তারিখঃ
সিএ | জরুরী / অতি জরুরী
স্টেনো | আলাপ করুন
অফিস সহকারী | পেশ করুন
হিসাব সহকারী | ব্যবস্থা নিন
সার্টিফিকেট সহকারী | নথিজাত করুন
উপজেলা নির্বাহী অফিসার দিঘলিয়া, খুলনা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
হজ অনুবিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

মুজিব বর্ষের ঘোষণা
উন্নত হজ ব্যবস্থাপনা

নং-১৬.০০.০০০০.০০৩.১৮.০১৬.১৯-১৭৪

তারিখ: ১৩ ফাল্গুন ১৪২৬
২৬ ফেব্রুয়ারি ২০২০

# ২০২০ সালের হজযাত্রী নিবন্ধন সংক্রান্ত বিজ্ঞপ্তি

এতদ্বারা ২০২০ সালে হজে গমনের জন্য প্রাক-নিবন্ধনকারী সম্মানিত ব্যক্তিবর্গের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ধর্ম বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক হজযাত্রী নিবন্ধনের জন্য নিম্নবর্ণিত সময়সূচি নির্ধারণ করা হয়েছে। বর্ণিত সময়ের মধ্যে নির্ধারিত ক্রমিকের মধ্যে উল্লিখিত প্রাক-নিবন্ধিত কোন ব্যক্তি নিবন্ধন সম্পন্ন না করলে তাঁর পরিবর্তে জাতীয় হজ ও ওমরাহ নীতি, ১৪৪০ হিজরি/২০১৯ খ্রিস্টাব্দ এর ৩.১.৮ অনুচ্ছেদ অনুযায়ী পরবর্তী ক্রমিকের প্রাক-নিবন্ধিত ব্যক্তিদের নিবন্ধনের জন্য আহ্বান জানানো হবে।

## সময়সূচি

| ব্যবস্থাপনা | নিবন্ধন শুরুর তারিখ | নিবন্ধনের শেষ তারিখ | নিবন্ধনের জন্য সর্বশেষ প্রাক-নিবন্ধনের ক্রমিক নম্বর |
|---|---|---|---|
| সরকারি ব্যবস্থাপনা | ০১ মার্চ ২০২০ | ১৫ মার্চ ২০২০ | সকল প্রাক-নিবন্ধিত ব্যক্তি |
| বেসরকারি ব্যবস্থাপনা | ০২ মার্চ ২০২০ | ১৫ মার্চ ২০২০ | প্রাকনিবন্ধনের ৬,১৮,২৫৯ ক্রমিক পর্যন্ত |

## ০২। সরকারি ব্যবস্থাপনার হজযাত্রীদের জন্য নিবন্ধনের নিমিত্ত অনুসরণীয় বিষয়াদি

(ক) হজযাত্রী নিবন্ধনের জন্য আবশ্যিকভাবে MRP Passport থাকতে হবে। পাসপোর্ট স্ক্যান করে নিবন্ধন তথ্য পূরণ করতে হবে। হজযাত্রীর পাসপোর্টের মেয়াদ হজের দিন থেকে পরবর্তী ৬ মাস অর্থাৎ ২০২১ সালের ০১ ফেব্রুয়ারি পর্যন্ত থাকতে হবে। হজযাত্রীর দাখিলকৃত পাসপোর্টের সঠিকতা অনলাইনে যাচাই করা হবে। পাসপোর্ট সংক্রান্ত যে কোন সমস্যা সমাধানের জন্য আঞ্চলিক পাসপোর্ট অফিসে স্থাপিত নির্ধারিত হজ হেল্পডেস্ক অথবা পাসপোর্ট ও ইমিগ্রেশন অধিদপ্তর, আগারগাঁও, ঢাকায় যোগাযোগ করতে হবে।

(খ) প্রাক-নিবন্ধনের সময় গৃহীত ৩০,০০০.০০ টাকার মধ্যে জমাকৃত ২৮,০০০.০০ (আটাশ হাজার) টাকা সমন্বয় করে ২০২০ সালের হজ প্যাকেজ-১ এর হজযাত্রীকে = ৩,৯৭,০০০/- (তিনলক্ষ সাতানব্বই হাজার) টাকা ও হজ প্যাকেজ-২ এর হজযাত্রীকে =৩,৩২,০০০ (তিন লক্ষ বত্রিশ হাজার) টাকা এবং প্যাকেজ-৩ এর হজযাত্রীকে =২,৮৭,০০০ (দুই লক্ষ সাতাশি হাজার) টাকা সোনালী ব্যাংক লি., স্থানীয় কার্যালয় শাখা, মতিঝিল, ঢাকার হিসাব নং ০০০২৬৩৩০০০৯০৮ (Sale Proceeds of Hajj Deposit) এ নিবন্ধন ভাউচারের মাধ্যমে জমা প্রদান করে নিবন্ধন সনদ গ্রহণ করতে হবে। নগদ অথবা ক্রসড চেক/পে-অর্ডার/ব্যাংক ড্রাফ্‌টের মাধ্যমে টাকা জমা দেওয়া যাবে। এ ক্ষেত্রে ব্যাংক হজযাত্রীকে কোন ফি ছাড়া নিবন্ধন সনদ প্রদান করবে। নির্ধারিত তারিখে ক্রসড চেক/পে-অর্ডার/ব্যাংক ড্রাফ্‌ট নগদায়ন না হলে ব্যাংক নিবন্ধন বাতিল করে ধর্ম বিষয়ক মন্ত্রণালয়কে অবহিত করবে।

(গ) প্রযোজ্যক্ষেত্রে হজযাত্রীগণ মাহরামসহ একই সঙ্গে হজে যাওয়ার জন্য নিবন্ধন ফরম পূরণ করে ইউনিয়ন পরিষদের ইউডিসি, স্থানীয় ইসলামিক ফাউন্ডেশন কার্যালয়, জেলা প্রশাসকের কার্যালয়, হজ অফিস, আশকোনা বিমানবন্দর, ঢাকার মাধ্যমে নিবন্ধন ভাউচার তৈরি করতে পারবেন। যদি কেউ আলাদা ফ্লাইটে সফর করতে চান তাহলে অবশ্যই আলাদাভাবে নিবন্ধন করতে হবে।

(ঘ) হজযাত্রীকে কুরবানী বাবদ ৫২৫ সৌদি রিয়াল সমপরিমাণ ১২,০৭৫ *(বার হাজার পঁচাত্তর) টাকা* পৃথকভাবে সঙ্গে নিতে হবে।

(ঙ) সরকারি ব্যবস্থাপনায় প্রাক-নিবন্ধিত ব্যক্তি যদি প্রাক-নিবন্ধন বাতিল করতে চান, তাঁকে ব্যাংকের মাধ্যমে অন-লাইনে আবেদন করতে হবে। এক্ষেত্রে, প্রাক-নিবন্ধনের জন্য জমাকৃত ৩০,০০০.০০ (ত্রিশ হাজার) টাকার মধ্য হতে প্রাক-নিবন্ধন ফি ২,০০০/- (দুই হাজার) টাকা এবং প্রসেসিং ফি ৩,০০০.০০ (তিন হাজার) টাকা কর্তন করে অবশিষ্ট ২৫,০০০.০০ (পঁচিশ হাজার) টাকা ফেরত প্রদান করা হবে।

(চ) নিবন্ধনের পর কোন হজযাত্রী কোন কারণে হজে যেতে না পারলে শুধু বিমান ভাড়া এবং খাবার বাবদ গৃহীত টাকা ফেরৎ পাবেন। তবে বিমানের টিকিট নিশ্চিত হওয়ার পর হজযাত্রা বাতিল করলে বিমানের টিকিটের টাকা ফেরৎ পাবেন না।

(ছ) এছাড়াও নিবন্ধনের পর রাজকীয় সৌদি সরকার কর্তৃক হজ সংক্রান্ত বিষয়ে কোন চার্জ আরোপিত হলে বা অন্য কোন খাতে ব্যয় বৃদ্ধি পেলে তা যথাসময়ে হজযাত্রীকে অবহিত করা হবে এবং তা প্যাকেজ মুল্যের সঙ্গে যোগ হবে। পরবর্তী নির্দেশনানুযায়ী অতিরিক্ত এ অর্থ পরিশোধ করতে হবে।

(জ) প্রাথমিকভাবে প্রাক-নিবন্ধনের নির্ধারিত ক্রমিকের মধ্যে যারা নিবন্ধন করবেন না তাঁরা ২০২০ খ্রি. সনের হজে গমনে আগ্রহী নন মর্মে পরিগণিত হবেন। প্রাক-নিবন্ধিত যে সব ব্যক্তি ২০১৯ সালে হজে গমনের জন্য আহ্বান পেয়েছিলেন কিন্তু হজে যাননি সে সব ব্যক্তি যদি এ বছর নিবন্ধন না করেন তাহলে জাতীয় হজ ও ওমরাহ নীতি ১৪৪০ হিজরি/২০১৯ খ্রি. এর অনুচ্ছেদ ৩.১৯ অনুযায়ী স্বয়ংক্রিয়ভাবে তাদের প্রাক-নিবন্ধন বাতিল হয়ে যাবে। যে কোন হজে গমনেচ্ছু ব্যক্তি একই সাথে প্রাক-নিবন্ধন এবং নিবন্ধন করতে পারবেন।

(ঞ) বাস্তবতার আলোকে নিবন্ধন সংক্রান্ত কোন নিয়মের পরিবর্তন হলে সেটি যথাসময়ে বিজ্ঞপ্তি/SMS-এর মাধ্যমে অবহিত করা হবে।

## ০৩। বেসরকারি ব্যবস্থাপনার হজযাত্রীদের জন্য নিবন্ধনের নিমিত্ত অনুসরণীয় বিষয়াদি

(ক) হজযাত্রী নিবন্ধনের জন্য আবশ্যিকভাবে MRP Passport থাকতে হবে। পাসপোর্ট স্ক্যান করে নিবন্ধন তথ্য পূরণ করতে হবে। হজযাত্রীর পাসপোর্টের মেয়াদ হজের দিন থেকে পরবর্তী ৬ মাস অর্থাৎ ২০২১ সালের ০১ ফেব্রুয়ারি পর্যন্ত থাকতে হবে। হজযাত্রীর দাখিলকৃত পাসপোর্টের সঠিকতা অনলাইনে যাচাই করা হবে। পাসপোর্ট সংক্রান্ত যে কোন সমস্যা সমাধানের জন্য আঞ্চলিক পাসপোর্ট অফিসে স্থাপিত নির্ধারিত হজ হেল্পডেস্ক অথবা পাসপোর্ট ও ইমিগ্রেশন অধিদপ্তর, আগারগাঁও, ঢাকায় যোগাযোগ করতে হবে।

(খ) বেসরকারি ব্যবস্থাপনার হজযাত্রীদের নিবন্ধনের জন্য প্রকাশিত প্রাক-নিবন্ধিত ব্যক্তিদের প্রাক-নিবন্ধনকালীন গৃহীত ৩০,৭৫২.০০ টাকার মধ্যে প্রাক-নিবন্ধন ফি বাবদ ২,০০০.০০ (দুই হাজার) টাকা (অফেরৎযোগ্য) সমন্বয়পূর্বক অবশিষ্ট (৩০,৭৫২.০০-২,০০০.০০)=২৮,৭৫২.০০ টাকা ন্যূনতম প্যাকেজ মূল্যের সঙ্গে সমন্বয় করে হজযাত্রীর নিকট থেকে গ্রহণ করা হবে।

(গ) প্রাক-নিবন্ধনের সময় জমাকৃত ৩০,৭৫২.০০ টাকার মধ্যে জমজম পানি বাবদ-(১১.৫৫ সৌ.রি.)=২৬৫.৬৫ টাকা (দুইশত পঁয়ষট্টি টাকা পঁয়ষট্টি পয়সা), ১% অতিরিক্ত বাড়ি ভাড়া বাবদ-(৩৫.৭০ সৌ.রি.)=৮২১.১০ টাকা (আটশত একুশ টাকা দশ পয়সা), স্থানীয় সার্ভিস চার্জ বাবদ-৮০০/- (আটশত) টাকা, হজযাত্রীদের কল্যাণ তহবিল (আপৎকালীন ফান্ড) বাবদ-২০০/- (দুইশত) টাকা, প্রশিক্ষণ ফি বাবদ-৩০০/- (তিনশত) টাকা এবং প্রাক-নিবন্ধন ফি বাবদ- ২,০০০/- (দুই হাজার) টাকাসহ সর্বমোট (২৬৫.৬৫+৮২১.১০+৮০০.০০+২০০.০০+৩০০.০০+২০০০.০০)=৪,৩৮৬.৭৫ টাকা (চার হাজার তিনশত ছিয়াশি টাকা পঁচাত্তর পয়সা) অর্থ্যাৎ ৪,৩৮৭.০০ (চার হাজার তিনশত সাতাশি) টাকা কর্তন করে অবশিষ্ট (৩০,৭৫২.০০-৪,৩৮৭.০০)=২৬,৩৬৫.০০ (ছাব্বিশ হাজার তিনশত পঁয়ষট্টি) টাকা (জনপ্রতি) সৌদি আরবে প্রদেয় বিভিন্ন সার্ভিস চার্জ ও পরিবহন ফি IBAN এর মাধ্যমে পরিশোধের নিমিত্ত নিবন্ধনকারী হজ এজেন্সির বিপরীতে সংশ্লিষ্ট হজ এজেন্সির সংশ্লিষ্ট ব্যাংক হিসাবে স্থানান্তর করা হবে।

(ঘ) বেসরকারি হজ ব্যবস্থাপনার হজযাত্রীদের জন্য সরকার ৩,৫৮,০০০.০০ (তিন লক্ষ আটান্ন হাজার) টাকার প্যাকেজ ঘোষণা করেছে। এজেন্সিসমূহ তা অনুসরণ করবে; অথবা সরকারি ব্যবস্থাপনার প্যাকেজ-১ (৪,২৫,০০০০/-), প্যাকেজ-২(৩,৬০,০০০০/-) এবং প্যাকেজ-৩(৩,১৫,০০০/-) এর সঙ্গে সামঞ্জস্য রেখে হজ প্যাকেজ ঘোষণা করতে পারবে। এ ক্ষেত্রে হজযাত্রীকে সরকারি ব্যবস্থাপনার হজযাত্রীদের ন্যায় সুবিধা প্রদান করতে হবে। এজেন্সি কর্তৃক ঘোষিত হজ প্যাকেজ হজ ব্যবস্থাপনা পোর্টাল, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়; HAAB ও সংশ্লিষ্ট এজেন্সির নিজস্ব ওয়েবসাইট এ upload করতে হবে। নিবন্ধন কার্যক্রমে নির্বাচিত ব্যাংকসমূহ সরকার নির্ধারিত অর্থ প্রাপ্তি নিশ্চিত করে সিস্টেমে হজযাত্রীর নিবন্ধন সম্পন্ন করবে। প্রাক-নিবন্ধনের প্রাথমিকভাবে নির্ধারিত ক্রমিকের মধ্যে যারা নিবন্ধন করবেন না তাঁরা ২০২০ সালের হজে গমনে আগ্রহী নন মর্মে পরিগণিত হবেন এবং জাতীয় হজ ও ওমরাহ নীতি ১৪৪০ হিজরি/২০১৯ খ্রি. এর ৩.১.১৮ অনুযায়ী তাঁর পরিবর্তে প্রয়োজনীয় সংখ্যক পরবর্তী প্রাক-নিবন্ধিত ব্যক্তিকে আহ্বান করা হবে।

(ঙ) প্রযোজ্যক্ষেত্রে হজযাত্রীগণকে মাহরামসহ একই সঙ্গে হজে যাওয়ার জন্য নিবন্ধন ভাউচার তৈরি করতে হবে। হজযাত্রী নিবন্ধনের সময় বিমান ভাড়া বাবদ ১,৩৮,০০০/- (এক লক্ষ আটত্রিশ হাজার) এবং সৌদি আরবে প্রদেয় বিভিন্ন সার্ভিস চার্জ ও পরিবহন ফি (৪০,৩৫৪.৬৫-২৬,৩৬৫.০০)=১৩,৯৮৯.৬৫ টাকাসহ সর্বমোট ১,৫১,৯৮৯.৬৫ টাকা অর্থাৎ **১,৫১,৯৯০.০০ (এক লক্ষ একান্ন হাজার নয়শত নব্বই টাকা) জমা প্রদান করে নিবন্ধন সম্পন্ন করতে পারবেন।** সংশ্লিষ্ট এজেন্সি এ টাকা বিমান ভাড়া খাতে পে-অর্ডারের মাধ্যমে সংশ্লিষ্ট এয়ারলাইন্স বরাবর পরিশোধ করা ব্যতীত অন্য কোন উদ্দেশ্যে/খাতে এবং সৌদি আরবে প্রদেয় বিভিন্ন সার্ভিস চার্জ ও পরিবহন ফি ১৭৫৪.৫৫ সৌদি রিয়াল সমমপরিমাণ ৪০,৩৫৪.৬৫ টাকা (চল্লিশ হাজার তিনশত চুয়ান্ন টাকা পঁয়ষট্টি পয়সা) IBAN এর মাধ্যমে পরিশোধ ব্যতীত অন্যভাবে উত্তোলন করা যাবে না। নিবন্ধনের জন্য টাকা গ্রহণকারী ব্যাংকসমূহ এটি আবশ্যিকভাবে অনুসরণ করবে। এজেন্সির সঙ্গে সম্পাদিত চুক্তি অনুযায়ী প্যাকেজে বর্ণিত অবশিষ্ট অর্থ নির্ধারিত সময়ে জমা প্রদান করতে হবে। অন্যথা এজেন্সি সংশ্লিষ্ট ব্যক্তির নিবন্ধন বাতিল করে যথাসময়ে তাঁকে অবহিত করবেন।

(চ) হজযাত্রীকে কুরবানী বাবদ ৫২৫ সৌদি রিয়াল সমপরিমাণ ১২,০৭৫ (বার হাজার পঁচাত্তর) টাকা পৃথকভাবে সঙ্গে নিতে হবে।

(ছ) জাতীয় হজ ও ওমরাহ নীতি ১৪৪০ হিজরি/২০১৯ খ্রিস্টাব্দ এর ৩.১.১৬ অনুযায়ী এই বিজ্ঞপ্তিতে প্রকাশিত ক্রমের বাইরে কারো নিকট হতে হজ প্যাকেজের অর্থ গ্রহণ করা যাবে না। কোটা পূরণ না হলে ধর্ম বিষয়ক মন্ত্রণালয় পুনরায় বিজ্ঞপ্তির মাধ্যমে নতুন ক্রম ঘোষণা করবে। এর ব্যত্যয়ে হজ লাইসেন্স বাতিল জামানত বাজেয়াপ্ত করা হবে। অথবা এর ব্যত্যয়ে হজ এজেন্সির বিরুদ্ধে জাতীয় হজ ও ওমরাহ নীতি ২০১৯ অনুযায়ী শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।

(জ) রাজকীয় সৌদি সরকারের সাথে সম্পাদিত দ্বি-পাক্ষিক চুক্তি অনুযায়ী যে কোন হজ এজেন্সির ন্যূনতম ৯৭ জনের নিবন্ধন করার জন্য প্রাক-নিবন্ধিত হজে গমনেচ্ছু হাজী থাকতে হবে। এরূপ হজ এজেন্সি ২০২০ সালে হজ যাত্রী পাঠাতে আগ্রহী হলে এবং ন্যূনতম ৯৭ জন হজযাত্রী নিবন্ধন করার জন্য প্রস্তুত থাকলেই শুধুমাত্র নিবন্ধন কার্যক্রম শুরু করবে। নিবন্ধন কার্যক্রম শুরু করার জন্য prp@hajj.gov.bd এই অ্যাড্রেসে ই-মেইল করে কার্যক্রম করার আবেদন করলে তাদের নিবন্ধন অপশনটি চালু করা হবে। যদি কোন হজ এজেন্সির ন্যূনতম ৯৭ জনের নিবন্ধন করার জন্য প্রাক-নিবন্ধিত হজে গমনেচ্ছু হাজী না থাকে, জাতীয় হজ ও ওমরাহ নীতি ১৪৪০ হিজরি/২০১৯ খ্রিস্টাব্দ এর ৪.৩.২ অনুচ্ছেদ অনুসরণ করে লিড এজেন্সি নির্ধারণ করতে হবে। অত:পর সমঝোতাকারী এজেন্সিকে হজে গমনেচ্ছু প্রাক-নিবন্ধিতদের অনলাইনে লিড এজেন্সির অনুকূলে বিদ্যমান পদ্ধতিতে স্থানান্তর সংক্রান্ত যাবতীয় কাজ সম্পন্ন করতে হবে। স্থানান্তরিত হজযাত্রীদের যাবতীয় দায়-দায়িত্ব লিড এজেন্সি (নিবন্ধনকারী) গ্রহণ করে নিবন্ধন সম্পন্ন করবে। মোনাজ্জেম অবশ্যই লিড এজেন্সির হতে হবে। এ জন্য ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের মোনাজ্জেম বিষয়ে প্রকাশিত পরিপত্র অনুসরণ করতে হবে। সংশ্লিষ্ট এজেন্সিকে এ তথ্য আবশ্যিকভাবে আন্ত:এজেন্সি স্থানান্তর অথবা সমন্বয়ের পূর্বে হজযাত্রীকে জানাতে হবে।

(ঝ) নিবন্ধন চলাকালীন বিদ্যমান পদ্ধতিতে প্রাক-নিবন্ধিত ব্যক্তিদের এজেন্সি স্থানান্তর (Transfer) কার্যক্রম চলমান থাকবে। ২০২০ সালে ঘোষিত হজ প্যাকেজের ৩.৪ অনুচ্ছেদ অনুযায়ী কোন হজযাত্রীর লিখিত আবেদনের প্রেক্ষিতে এজেন্সি স্থানান্তর করা হলে হজযাত্রীকে প্রাক-নিবন্ধিত এজেন্সি বরাবর ২,০০০.০০ (দুই হাজার) টাকা স্থানান্তর/সার্ভিস চার্জ প্রদান করতে হবে। তবে এজেন্সির কোটা পূরণ, সমন্বয় কিংবা অভিযোগের কারণে এজেন্সি হজযাত্রী প্রেরণের জন্য মনোনীত না হলে সে ক্ষেত্রে হজযাত্রীর সম্মতিক্রমে এজেন্সি স্থানান্তর করা হলে কোন সার্ভিস চার্জ আদায় করা যাবে না।

(ঞ) বেসরকারি ব্যবস্থাপনায় প্রাক-নিবন্ধিত ব্যক্তি যদি প্রাক-নিবন্ধন বাতিল করতে চান, তাঁকে ব্যাংকের মাধ্যমে অন-লাইনে আবেদন করতে হবে। এক্ষেত্রে, প্রাক-নিবন্ধনের জন্য জমাকৃত ৩০,৭৫২.০০ (ত্রিশ হাজার সাতশত বায়ান্ন) টাকার মধ্য হতে ৫,০০০.০০ (পাঁচ হাজার) টাকা কর্তন করে অবশিষ্ট ২৫,৭৫২.০০ (পঁচিশ হাজার সাতশত বায়ান্ন) টাকা ফেরত প্রদান করা হবে।

(ট) নিবন্ধনের পর কোন হজযাত্রী কোন কারণে হজে যেতে না পারলে শুধু বিমান ভাড়া এবং খাবার বাবদ গৃহীত টাকা ফেরৎ পাবেন। তবে বিমানের টিকিট নিশ্চত হওয়ার পর হজযাত্রা বাতিল করলে বিমানের টিকিটের টাকা ফেরৎ পাবেন না।

(ঠ) নিবন্ধনের পর রাজকীয় সৌদি সরকার কর্তৃক হজ সংক্রান্ত বিষয়ে কোন চার্জ আরোপিত হলে বা অন্য কোন খাতে ব্যয় বৃদ্ধি পেলে তা যথাসময়ে হজযাত্রীকে অবহিত করা হবে এবং তা প্যাকেজ মূল্যের সঙ্গে যোগ হবে। পরবর্তী নির্দেশনানুযায়ী অতিরিক্ত এ অর্থ পরিশোধ করতে হবে।

(ড) জাতীয় হজ ও ওমরাহ নীতি ১৪৪০ হিজরি/২০১৯ খ্রিস্টাব্দ এর ৪.৪ অনুচ্ছেদ অনুযায়ী প্রত্যেক হজ এজেন্সির স্বত্বাধিকারী/ব্যবস্থাপনা পরিচালক/ব্যবস্থাপনা অংশীদার/ক্ষমতাপ্রাপ্ত অংশীদার/পরিচালক এবং হজযাত্রীকে পরস্পর চুক্তি সম্পাদন করবেন। চুক্তিপত্রে হজযাত্রীকে প্রদত্ত সুবিধার কথা উল্লেখ করতে হবে। হজযাত্রী প্রাপ্ত সকল সুবিধা সম্পর্কে জেনে চুক্তিতে স্বাক্ষর করবেন ও চুক্তির মূলকপি সংরক্ষণ করবেন এবং অপর দুই কপি যথাক্রমে সংশ্লিষ্ট হজ এজেন্সি ও হজ অফিস, ঢাকা বরাবর প্রেরণ করবেন।

(ঢ) হজযাত্রীকে সরাসরি এজেন্সির সঙ্গে পরিচিত হয়ে চুক্তিবদ্ধপূর্বক এজেন্সির সংশ্লিষ্ট ব্যাংক **Account** এর মাধ্যমে আর্থিক লেনদেন করতে হবে। কোন মধ্যস্বত্বভোগী/তথাকথিত মোয়াল্লেম বা গ্রুপলিডার/গাইডের মাধ্যমে টাকা জমা প্রদান করা যাবে না। অন্যথা প্রতারিত হলে এর দায়দায়িত্ব সংশ্লিষ্ট হজযাত্রীকেই বহন করতে হবে। আর্থিক লেনদেন করার পূর্বে হজ এজেন্সি ২০২০ সালে হজযাত্রী প্রেরণের জন্য ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের অনুমোদিত কি না তা **www.hajj.gov.bd** ওয়েব সাইট থেকে জেনে নিতে হবে।

(ণ) হজযাত্রী কোন পচনশীল খাদ্যদ্রব্য/তামাক/পান-সুপারি/ জর্দা/চিকিৎসকের ব্যবস্থাপত্র ব্যতিত অননুমোদিত ঔষধ এবং অবৈধ মালামাল বহন করতে পারবেন না। এ ধরণের কোন কিছু বহনের জন্য হজযাত্রী ব্যক্তিগতভাবে দায়ী থাকবেন।

(ত) হজযাত্রীকে সরাসরি তাঁর এজেন্সি থেকে বিমানের টিকিট সংগ্রহ করতে হবে। বিমানের টিকিট বাবদ প্যাকেজে উল্লিখিত মূল্যের অতিরিক্ত মূল্য গ্রহণ করা হলে তাৎক্ষণিকভাবে ধর্ম বিষয়ক মন্ত্রণালয় এবং বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়কে অবহিত হতে হবে।

(থ) হজ এজেন্সিসমূহের তথ্য হালনাগাদ করে (ফরম-২৫ পূরণ করে) নিবন্ধন কার্য সম্পন্ন করতে হবে।

০৪। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ বিজ্ঞপ্তি জারি করা হলো।

২৮.০২.২০২০

আবুল কাশেম মুহাম্মদ শাহীন
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৮৪৩২২
morahajsection@gmail.com

নং-১৬.০০.০০০০.০০৩.১৮.০১৬.১৯-

তারিখ: ১৩ ফাল্গুন ১৪২৬
২৬ ফেব্রুয়ারি ২০২০

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
২. সিনিয়র সচিব,........................................................................মন্ত্রণালয়/বিভাগ।
৩. গভর্ণর, বাংলাদেশ ব্যাংক, ঢাকা।
৪. সচিব/ভারপ্রাপ্ত সচিব,........................................................................মন্ত্রণালয়/বিভাগ।
৫. মান্যবর রাষ্ট্রদূত, বাংলাদেশ দূতাবাস, রিয়াদ, সৌদি আরব।
৬. মান্যবর রাষ্ট্রদূত, রাজকীয় সৌদি দূতাবাস, গুলশান, ঢাকা।
৭. অতিরিক্ত পুলিশ মহাপরিদর্শক, স্পেশাল ব্রাঞ্চ, মালিবাগ, ঢাকা।
৮. চেয়ারম্যান, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ, ঢাকা।
৯. প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
১০. প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদপ্তর, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (প্রেস বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো)।
১১. বিভাগীয় কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/খুলনা/রাজশাহী/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ।
১২. মহাপরিচালক, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর, ঢাকা।
১৩. মহাপরিচালক, এন.এস.আই, ঢাকা।
১৪. মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, আগারগাঁও, ঢাকা।
১৫. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
১৬. মহাপরিচালক, মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
১৭. প্রকল্প পরিচালক, এক্সেস টু ইনফরমেশন (a2i), প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা (দৃ: আ: প্রধান সমন্বয়ক, ইউনিয়ন ডিজিটাল সেন্টার)।
১৮. অতিরিক্ত সচিব (উন্নয়ন/হজ/সংস্থা), ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৯. ব্যবস্থাপনা পরিচালক/সিইও, বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিঃ, বলাকা ভবন, কুর্মিটোলা, ঢাকা।
২০. পরিচালক, ন্যাশনাল টেলিকমিউনিকেশন মনিটরিং সেন্টার (এনটিএমসি), তেজগাঁও, ঢাকা।
২১. প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, ঢাকা।
২২. যুগ্মসচিব (সকল)................................ ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৩. রেজিস্ট্রার জেনারেল, জন্ম মৃত্যু নিবন্ধন, সচিবালয় লিঙ্ক রোড, ঢাকা।
২৪. পরিচালক, ন্যাশনাল টেলিকমিউনিকেশন মনিটরিং সেন্টার (এনটিএমসি), তেজগাঁও, ঢাকা।
২৫. কনসাল জেনারেল, কনস্যুলেট জেনারেল অব বাংলাদেশ, জেদ্দা, সৌদি আরব।
২৬. ব্যবস্থাপনা পরিচালক/ভাইস প্রেসিডেন্ট,........................................................................ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা (এ বিষয়ে তাঁর আওতাধীন শাখাসমূহকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ করা হলো)।
২৭. কাউন্সেলর (হজ), বাংলাদেশ হজ অফিস, জেদ্দা/মক্কা, সৌদি আরব।
২৮. জেলা প্রশাসক (সকল)........................................................................................................।
২৯. উপসচিব (সকল), ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/পরিচালক, হজ অফিস, আশকোনা, বিমান বন্দর, ঢাকা।
৩০. পুলিশ সুপার (সকল)........................................................................................................।
৩১. পরিচালক, রোগ নিয়ন্ত্রণ, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৩২. সিভিল সার্জন (সকল)........................................................................................................।
৩৩. উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় বিজ্ঞপ্তিটি প্রকাশের অনুরোধসহ)।
৩৪. প্রতিমন্ত্রীর একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
৩৫. সচিবের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩৬. সভাপতির একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটি, বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়, ঢাকা।
৩৭. সিনিয়র তথ্য কর্মকর্তা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
৩৮. সিস্টেমস এনালিস্ট, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (এ হজ প্যাকেজটি ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের ওয়েবসাইটে (www.mora.gov.bd) প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)।
৩৯. উপজেলা নির্বাহী অফিসার (সকল)........................................................................................ ।
৪০. উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার (সকল)........................................................................।
৪১. উপ-পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন (সকল জেলা)........................................................................ ।
৪২. কান্ট্রি ম্যানেজার, সৌদি এ্যারাবিয়ান এয়ারলাইন্স, বাংলাদেশ, ঢাকা/জেদ্দা, সৌদি আরব।
৪৩. সভাপতি/মহাসচিব, হজ এজেন্সীজ এসোসিয়েশন অব বাংলাদেশ (হাব), ঢাকা, সাত্তারা সেন্টার (১৬ তম তলা), হোটেল ভিক্টোরী, ৩০/এ নয়াপল্টন, ভিআইপি রোড, ঢাকা (সকল হজ এজেন্সিকে অবহিতকরণের অনুরোধ করা হলো) ।
৪৪. ব্যবস্থাপনা পরিচালক, বিজনেস অটোমেশন লিঃ, ১২ কারওয়ান বাজার, ঢাকা (এ বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে (www.hajj.gov.bd) প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)।
৪৫. স্বত্বাধিকারী/ ব্যবস্থাপনা পরিচালক, জনাব--------------------------------------------------------------------------।
৪৬. অফিস কপি/মাস্টার ফাইল।

২৬.০২.2020

আবুল কাশেম মুহাম্মদ শাহীন
সিনিয়র সহকারী সচিব